

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
এফএ অ্যান্ড এমআইএস উইং  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)


নম্বর: ৫২.০১.০০০০.১০২.৯৯.০০৪.১৯. ৯৬৩

তারিখ: ০১ চৈত্র ১৪০২  
১৫ মার্চ ২০২৬

বিষয় : জেলা পরিসংখ্যান কার্যালয়, নাটোর এর পরিসংখ্যান সহকারী জনাব মোঃ সবজুল ইসলাম এর মৃত্যুতে আর্থিক সাহায্য সংক্রান্ত।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র পরিসংখ্যান সহকারী জনাব মোঃ সবজুল ইসলাম জেলা পরিসংখ্যান কার্যালয়, নাটোর এ কর্মরত ছিলেন। বিগত পাঁচ বছর ধরে কিডনী রোগে আক্রান্ত থাকার কারণে দেশের বাইরে অনেক বার চিকিৎসা নিয়েছেন। এক পর্যায়ে তার উভয় কিডনীই নষ্ট হয়ে যায়। সুস্থ্যতার জন্য জমিজমা যা ছিল তা বিক্রি করে বিদেশে গিয়ে তার দুটি কিডনীই প্রতিস্থাপন করেন। তারপরও তার শরীরিক অবস্থার উন্নতি হয়নি। তাই তিনি বিভিন্ন সময়ে ঢাকায় কিডনী ফাউন্ডেশন চিকিৎসা নিতেন। সর্বশেষ গত ১৫-১৬ জানুয়ারি খ্রি. তারিখে কিডনী ফাউন্ডেশন ঢাকায় আই.সি.ইউতে ভর্তি রত থাকা অবস্থায় তিনি ১৯/০১/২০২৬ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। তার চিকিৎসা বাবদ প্রায় পঞ্চাশ লক্ষাধিক টাকা খরচ হয়েছে। এতে করে বর্তমানে অনেক ঋণ হয়। মোঃ সবজুল ইসলাম এর মৃত্যুতে স্ত্রী, এক ছেলে (১১ বছর) ও এক মেয়ে (১ বছর) ভীষণভাবে অসহায় হয়ে পড়েছেন। তার স্ত্রী সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারির নিকট থেকে আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

০২। এমতাবস্থায়, মানবিক কারণে বিভাগীয়, জেলা, উপজেলা, মেট্রো থানা পরিসংখ্যান অফিস থেকে সংগৃহীত আর্থিক সাহায্যের টাকা যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের মাধ্যমে এবং সদর দপ্তর এর বিভিন্ন উইং ও প্রকল্প হতে সংগৃহীত টাকা স্ব-স্ব উইং/প্রকল্প প্রধান কর্তৃক সংগ্রহপূর্বক পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং বরাবর জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৫/০৩/২০২৬

মো: আরিফুল ইসলাম  
পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০২-৫৫০০৭০৬৮

ই-মেইল: [dir\\_fa&mis@bbs.gov.bd](mailto:dir_fa&mis@bbs.gov.bd)

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (০১) পরিচালক (সকল) ..... উইং, বিবিএস, ঢাকা (অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিতকরণের অনুরোধসহ)।
- (০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (০৩) প্রকল্প পরিচালক (সকল) ..... বিবিএস, ঢাকা (অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিতকরণের অনুরোধসহ)।
- (০৪) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল)..... (অধীন জেলা/উপজেলা/মেট্রো থানা পর্যায়ের কর্মরত কর্মকর্তা/কর্মচারীকে অবহিতকরণের অনুরোধসহ)।
- (০৫) উপপরিচালক (প্রশাসন/বিনিক/সমন্বয়/প্রকাশনা), এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- (০৬) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- (০৭) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- (০৮) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা।
- (০৯) সভাপতি/সাধারণ সম্পাদক, বিবিএস কর্মচারী কেন্দ্রীয় পরিষদ, বিবিএস, ঢাকা।
- (১০) অফিস কপি।

পরিচালকের দপ্তর কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা	
সি.সি. সেক্টর/সিইং	* জুলির উপস্থাপন কক্ষ
সি.এন.সি.সি. সেক্টর/সিইং	* প্রত্যক্ষ উপস্থাপন কক্ষ
সি.এন.সি.সি. সেক্টর/সিইং (তৃতীয় সেক্টর/ওয়েবসাইট)	* প্রয়োজনীয় ব্যবস্থা নিয়
উপপরিচালক (প্রশাসন/হিসাব)	* অগোচনা কক্ষ
সি./মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	* সফটওয়্যার অবহিত কক্ষ
সি.সি. সেক্টর/সিইং	* পরিচিতি কক্ষ
সি.সি. সেক্টর/সিইং	* ওয়েবসাইটে দিন
ফোনকাল পয়েন্ট	* বোলিশ পোর্ট
ব্যক্তিগত সহকারী	
ডায়েরী নম্বর: ২৪৬০	
তারিখ: ৩০/০৩/২৫	পরিচালক